কোটচাঁদপুরে নব-নির্মিত বিদ্যালয় ভবন ও রেলওয়ে অ্যাপ্রোচ সড়ক নির্মাণ কাজের উদ্বোধন

ঝিনাইদহের কোটচাঁদপুরে নব-নির্মিত সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন এবং রেল স্টেশনের কার পার্কিং এরিয়া ও আপ্রোচ সড়ক নির্মাণ কাজের উদ্বোধন করেছেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল। রবিবার বেলা ১১ টার দিকে কোটচাঁদপুর পৌর শহরের ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এলজিইডি’র অর্থায়নে ৬২ লাখ ১৮ হাজার টাকা ব্যয়ে শ্রেনি কক্ষের নব-নির্মিত ভবনের উদ্বোধন করেন।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক শাহাজান আলী।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী প্রকৌশলী মোঃ রুহুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অসিত বরণ পাল, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নূরুল ইসলাম খাঁন বাবলু, ১নং ওয়ার্ড পৌর কাউন্সিলর আনারুল ইসলাম সেন্টু, মহিলা নেত্রী রুবিনা খাতুন সহ স্থানীয় আ.লীগের নেতা-কর্মীরা।

পরে কোটচাঁদপুর রেল স্টেশনের কার পার্কিং এরিয়া ও আপ্রোচ সড়ক নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। রেলওয়ে পাকশী বিভাগ আয়োজিত অনুষ্ঠানে রেলওয়ে বিভাগীয় ব্যবস্থাপক (পাকশী অঞ্চল) মোঃ শাহীদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, বাংলাদেশ রেলপথ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রানালয় সংসদীয় স্থায়ী কমিটির সদস্য ও স্থানীয় সাংসদ এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি ছিলেন বিভাগীয় প্রকৌশলী (১) বীরবল মন্ডল, সহঃ নির্বাহী প্রকৌশলী (চুয়াডাঙ্গা) সুকুর বিশ্বাস। এসময় উপস্থিত ছিলেন, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক

শহীদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ রেলের কর্মকর্তা-কর্মচারি। প্রায় ৭৫ লাখ টাকা ব্যায়ে রেল এই উন্নয়ন কাজ করছে।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় শোক দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদা এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। শনিবার সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা অর্ধ নমিত রাখার মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়।

দিবসটি উপলক্ষে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনসহ, উপজেলা পরিষদ, পৌরসভা, থানা পুলিশ, রাজনৈতিক, সামাজিক, মুক্তিযোদ্ধা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা।

পুষ্পমাল্য অর্পণ শেষে বঙ্গবন্ধু কমপ্লেক্স ভবন থেকে একটি শোক র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে উপজেলা পরিষদ চত্তরে শেষ হয়।

পরে উপজেলা প্রশাসনের আয়োজনে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁন চঞ্চল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, পৌর মেয়র জাহিদুল ইসলাম, কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম,

উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় উপস্থিত ছিলেন, উপজেলা আ.লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহিদুজ্জামান সেলিমসহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, সাংবাদিক রাজনৈতিক নেতা-কর্মী এবং নানা শ্রেণী পেশার মানুষ।

শেষে জাতীয় শোক দিবস উপলক্ষে অন-লাইনে অনুষ্ঠিত রচনা, চিত্রাঙ্কন ও কবিতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার, উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর (বি.আর.ডি.বি)’র পক্ষ থেকে ১’শ গাছের চারা ও উপজেলা যুব উন্নয়নের পক্ষ থেকে ৩২ জন যুব নারী-পুরুষের মাঝে ২০ লক্ষ টাকার চেক বিতরণ করা হয়।

ঝিনাইদহে নবজাতক শিশু উদ্ধার, সব দায়িত্ব নিলেন ওসি মিজানুর রহমান

ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার এলাকার মায়াধরপুর গ্রামের নুরগীতলা নামক স্থানে এক নবজাতক ছেলে শিশু উদ্ধার করল সদর থানা পুলিশ।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, আজ শুক্রবার সকাল সাড়ে দশটার দিকে একটি নবজাতক শিশুকে দেখে এলাকাবাসী থানা পুলিশকে জানালে তাৎক্ষণিকভাবে ঘটনাস্থলে গিয়ে স্থানীয়দের সহযোগিতায় শিশুটিকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

তিনি আরো জানান, বাচ্চাটির সুচিকিৎসার সকল ব্যবস্থা আমি গ্রহণ

করেছি। বাচ্চাটি এখন চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে শিশু ওয়ার্ডে ভর্তি আছে। আগ্রহী নিঃসন্তান দম্পতিরা বাচ্চাটিকে নেওয়ার জন্য হাসপাতালে ভিড় করছে ও ফোন দিচ্ছে। বাচ্চাটি নিরাপত্তার জন্য আমাদের থানার নারী কনস্টেবল নিয়োজিত করা হয়েছে।

আমাদের প্রধান লক্ষ্য বাচ্চাটিকে আগে সুস্থ করে তোলা। তারপর উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোটচাঁদপুরে পানিতে ডুবে দুই মাদ্রাসা ছাত্রের মৃত্যু, নিখোঁজের ১৪ ঘন্টা পর মরদেহ উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে পানিতে ডুবে নিখোঁজের ১৪ ঘন্টা পর পুকুর থেকে জাকারিয়া হোসেন চঞ্চল (১০) ও মিশন হোসেন (১০) নামে দুই মাদ্রাসা ছাত্রের মরদেহ উদ্ধার করেছে এলাকাবাসী।

শুক্রবার (১৪ আগষ্ট) ভোর ৬টার দিকে উপজেলার সাফদাপুর ইউনিয়নের রাজাপুর গ্রামের মুকুল হোসেনের পুকুর থেকে তাদের মরদেহ উদ্ধার করা হয়। নিহত জাকারিয়া হোসেন চঞ্চল কোটচাঁদপুর উপজেলার বলুহর গ্রামের ঢালী পাড়ার বাহাদুর আলীর ছেলে ও নিহত মিশন কালিগঞ্জ উপজেলার মল্লিকপুর গ্রামের ফোরকান আলীর ছেলে। নিহতরা রাজাপুর আল-হেরা হাফেজিয়া মাদ্রাসার নূরানী বিভাগের ছাত্র।

মাদ্রাসার শিক্ষক মোঃ আকিমুল ইসলাম জানান, মাদ্রাসার মসজিদ নির্মাণের কাজ করায় বৃহস্পতিবার দুপুরে ছাত্ররা পার্শ্ববর্তী একটি পুকুরে গোসল করতে যায়। বেলা ১ টার দিকে গোসল করে ছাত্ররা সবাই মাদ্রসায় ফিরে আসে।

বিকাল ৫ টার দিকে খেলা শেষে জাকারিয়া ও মিশন আবার ওই পুকুরে

গোসল করতে যায়। সন্ধার পর মাদ্রাসায় তাদেরকে দেখতে না পেয়ে উপস্থিত ছাত্রদের কাছে তাদের খোঁজ নেওয়া হয়। পরে নিখোঁজের ঘটনা জানিয়ে গ্রামবাসী ও পরিবারের সদস্যদের কে নিয়ে রাত ১ টা পর্যন্ত গ্রামে এবং ওই পুকুরে খুঁজা হয়।

নিখোঁজের ১৪ ঘন্টা পর আজ শুক্রবার ভোর ৬ টার দিকে স্থানীয়রা মাদ্রাসা ছাত্র মিশনের মরদেহ পুকুরে ভাসতে দেখে। নিখোঁজ অন্য ছাত্রের মরদেহ না পেয়ে এলাকাবাসী ফায়ার সার্ভিসকে খবর দেয়। আধা ঘন্টা পর জাকারিয়া হোসেনের মরদেহ পানিতে ভেসে উঠে। পরে এলাকাবাসী তাদের মরদেহ উদ্ধার করে।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম। পানিতে ডুবে দুই মাদ্রাসা ছাত্রের মর্মান্তিক মৃত্যুর ঘটনায় পরিবার ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুরে দিনে দুপুরে জুয়েলারী দোকানে চুরি, সিঁন্দুকের স্বর্ণালঙ্কার লুট!

ঝিনাইদহের কোটচাঁদপুরে একটি জুয়েলারী দোকানে অভিনব কায়দায় চুরি সংঘটিত হয়েছে। বৃহস্পতিবার ভোর পৌনে ৬টার দিকে পৌর শহরের দুধসরা রোডে (ব্র্যাক ব্যাংকের নিচে) অবস্থিত অন্তরা জুয়ের্লাসে অভিনব এ চুরির ঘটনা ঘটে। এসময় সংঘবদ্ধ চোর চক্র জুয়েলারী দোকানের সিঁন্দুক থেকে স্বর্ণালঙ্কার চুরি করে পালিয়ে যায়।

শহরের দুধসরা রোডে অবস্থিত অন্তরা জুয়েলার্সের মালিক দীপংকর জানান, প্রতিদিনের ন্যায় তিনি বুধবার রাতে দোকানের তালা বন্ধ করে বাসায় গিয়েছিলেন। বৃহস্পতিবার সকালে দোকান খুলতে গিয়ে তিনি একটি শার্টারের মাঝখানে উঁচু দেখতে পান। পরে দোকানের ভিতরে প্রবেশ করে বন্ধ রেখে যাওয়া সিঁন্দুকটি খোলা দেখেন। দীপংকর দাবি করেন, সিঁন্দুকের ভিতর থেকে প্রায় ১৫ ভরি স্বর্ণ নিয়ে গেছে চোর

চক্র। যার বাজার মূল্য প্রায় ১০ লক্ষ টাকা।

এদিকে মার্কেটের সিসি ক্যামেরার ভিডিও ফুটেজে দেখা যায় সকাল ৫টা ৫৫ মিনিটে লুঙ্গি পরিহিত ৪/৫ জন যুবক অন্তরা জুয়েলার্সের সামনে একটি কালো রঙ্গের পলিথিন আড়াল করে দাড়িয়ে আছে। এক পর্যায়ে তারা চক্রের এক সদস্যকে জুয়ের্লাসের শার্টারের মাঝ বরাবর উঁচু করে ভিতরে প্রবেশ করায়। এর ১০ মিনিট পর ভিতর থেকে লোকটি একটি সাদা ব্যাগ হাতে বেরিয়ে আসে এবং চক্রের সদস্যরা ঘটনাস্থল ত্যাগ করে।

খবর পেয়ে ঘটনাস্থল পরির্দশন করেছেন কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর পুলিশ ফাঁড়ি ইনচার্জ আক্তারুজ্জামান লিটন সহ পুলিশের একটি টিম। এসময় ওসি মাহবুবুল আলম জানান, চুরির ঘটনায় ভিডিও ফুটেজ সংগ্রহ করেছি। এঘটনায় কি পরিমাণ স্বর্ণালঙ্কার চুরি হয়েছে, সেটি দোকান মালিকের কাছ থেকে স্বর্ণের হিসাব ও তদন্তের পর জানা যাবে।

পুলিশ জানায় এ ঘটনায় থানায় মামলার প্রস্তÍতি চলছে।

উল্লেখ্য গত বছরের ২৫ ডিসেম্বর অন্তরা জুয়েলার্সের পার্শ্ববর্তী একটি মার্কেটের শ্যামল চাউল ভান্ডার ও রত্না বস্ত্রালয়ে একই কায়দায় চুরির ঘটনা ঘটে। সে ঘটনায় নগদ ৬৫ হাজার টাকা নিয়ে যায় সংঘবদ্ধ চোর চক্র।

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে কৃষকের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে বিদ্যুৎস্পৃষ্টে মুকুল হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলার মোল্লাডাঙ্গা মাঠে মটর চালাতে গিয়ে সে মারা যায়। মুকুল ওই গ্রামের আব্দার মন্ডলের ছেলে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, সকালে মাঠে ধানের জমিতে পানি দেওয়ার জন্য মোটর চালু করতে যায়।

এসময় মোটর ঘরে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তিনি মারা যায়।

মহেশপুরে অবৈধ ভাবে সীমান্ত দিয়ে ভারতে যাওয়ার সময় নারী- শিশুসহ ৭জন আটক

ঝিনাইদহের মহেশপুর উপজেলার সীমান্ত দিয়ে অবৈধ ভাবে বাংলাদেশ থেকে ভারতে যাওয়ার সময় ১শিশু, ৫ নারীসহ ৭জনকে আটক করেছে বিজিবি। বৃহষ্পতিবার ভোরে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো চয়ন বিশ্বাস (২০), প্রিয়াংশা বিশ্বাস (১৮), রিমু বিশ্বাস (০৩),রুনু বিশ্বাস (৩৫), মিনতী বিশ্বাস (৩০), নমিতা রায়
(৩২) এবং সুমি আাক্তার (২৫)। সকলের বাড়ি গোপালগঞ্জ উপজেলার ডোমরাশুর ও বাগেরহাটের নলবুয়িনা গ্রামে।

খাশিলপুর ৫৮ বিজিবির পক্ষে সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে শ্যামকুড় বিওপির সীমান্ত পিলার ৬১/১০৫ নেপা মাঠ হতে এই ৭ জনকে আটক করা হয়।

এ ব্যপারে অবৈধ ভাবে সীমান্ত অতিক্রম করার দায়ে বাংলাদেশ পাসপোর্ট অধ্যাদেশ১৯৭৩ এর ১১(১)/(গ) ধারায় মহেশপুর থানায় সোর্পদ করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে মামলা হয়েছে । যার নং ১৮।

কোটচাঁদপুরে কারেন্ট জাল জব্দ

ও জরিমানা

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে ৩’শ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ ও জরিমানা আদায় করা হয়েছে। এ সময় জব্দকৃত জালগুলো জনসম্মুখে আগুনে জ্বালিয়ে দেওয়া হয়। মঙ্গলবার (১১ আগষ্ট) বিকালে উপজেলা প্রশাসন ও মৎস্য বিভাগের যৌথ অভিযানে শহরের বিভিন্ন দোকানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

এ সময় বলুহর বাসস্ট্যান্ড এলাকার শ্রী রতন হালদার এর দোকানে অভিযান পরিচালনা করে ২৫ পিচ (৩’শ মিটার) অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। পরে মৎস্য রক্ষা ও সংরক্ষণ ১৯৫০ আইনের ৫(১)ধারায় ২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযান পরিচালনা করেন, নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন। এ সময় তিনি জানান, সরকারি আইন লংঘন করে কিছু অসাধু ব্যক্তি অবৈধ কারেন্ট জাল ব্যবহার করে উপজেলার বিভিন্ন নদীনালা,খাল-বিল ও জলাশয়ে জাটকা, ডিমওয়ালা পোনা মাছ ধরে বিক্রি করছে। এতে এসব মাছসহ অন্যান্য জলজ প্রাণীর অকাল মৃত্যুতে জীববৈচিত্র হুমকির মুখে পড়ছে।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, সহকারি সার্টিফিকেট আল-মামুন সহ থানা পুলিশের একটি টিম। এ প্রসঙ্গে মৎস্য কর্মকর্তা বলেন, নিষিদ্ধ মাছ ধরার কারেন্ট জাল জব্দ অভিযান অব্যহত থাকবে।

দামুড়হুদার কুড়ুলগাছি বিট পুলিশিং উদ্বোধনী অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ সুপার কনক

কুমার দাস

“বিট পুলিশিং বাড়ি বাড়ি; নিরাপদ সমাজ গড়ি” এ প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার অন্তভুক্ত দর্শনা থানা পুলিশের আয়োজনে উপজেলার ০৪ নং ইউনিয়নে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। মঙ্গলবার (১১আগস্ট) বিকাল ৪ টা দিকে দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ কার্যালয় প্রাঙ্গণে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস। এসময় প্রধান অতিথি অতিরিক্ত পুলিশ সুপার কনক কুমার দাস বলেন, দ্রুত সমস্যা সমাধানে কার্যকরী ভূমিকা পালন করবে বিট পুলিশিং। পারিবারিক ও সামাজিক পরিম-লে যে সমস্যাগুলো আপনারা সমাধান করতে পারছেন না তা বিট পুলিশিংয়ের মাধ্যমে আপনারা আইনগত ভিত্তির মধ্যে চলে এসে দ্রুত সমাধান পাবেন।

দর্শনা থানাকে ০৯ টি বিটে ভাগ করা হয়েছে। দর্শনা পৌরসভা এলাকায় ৩ টি আর ৬ টি ইউনিয়নকে ৬ টি বিটে ভাগ করা হয়েছে। প্রতিটি বিটের বিট অফিসার একজন এসআই। উনার সাথে থাকবেন একাধিক এসএসআই ও দুজন কনস্টেবল। কমিউনিটি পুলিশিংয়ের সাথে কিছু মানুষকে জুড়ে দিয়ে কাজ করা হয়েছিলো উল্লেখ করে তিনি বলেন, কমিউনিটি পুলিশিং কার্যক্রমের সাথে বিট পুলিশিং কার্যক্রমের কোনো সাংঘর্ষিক বিষয় নেই। বিট পুলিশিংয়ের একটি আইনগত ফ্রেমের মধ্যে আনা হয়েছে এবং পুলিশই কাজটি করবে। ছোটখাটো সমস্যাগুলো যাতে আপনারা বিটের মাধ্যমে সহজেই সমাধান পেতে পারেন। ছোটখাটো বিষয় নিয়ে কোথায় যাবেন?

কিভাবে যাবেন? কিভাবে প্রতিকার পাবেন? তা অনেকে জানেন না। বিভিন্ন স্থানে ছুটাছুটি করতে গিয়ে নানা সমস্যায় পড়েন অনেকে। এখন আর ছুটাছটি করতে হবে না। বিটের মাধ্যমে এসব পরামর্শ ও সমস্যার সমাধান করা হবে। বিট পুলিশিংয়ের উৎপত্তি সম্পর্কে তিনি বলেন, বর্তমান আইজিপি মহোদয় উঁনি যখন ডিএমপি কমিশনার ছিলেন তখন তিনি ডিএমপি এলাকায় বিট পুলিশিং কার্যক্রম খুব জোরেশোরে চালু করেছিলেন। এটার ভালো ফল পাওয়া গিয়েছিলো। উঁনি চান এ ধারণা শুধু ডিএমপিতে না রেখে সারা দেশে ছড়িয়ে দিতে। এর অনেক সুফল আছে।

দর্শনার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মাহাবুব রহমান কাজল বলেন, বড় একটি এলাকা নিয়ে থানা গঠিত। তাই জনগণকে পুলিশের সেবা নিতে অনেক পথ অতিক্রম করে থানায় যেতে হয়। সেবা না নিয়ে ফিরেও

আসতে হয়। পুলিশের সেবা এখন জনগণের দোরগোড়ায়। দ্রুত যেকোনো ধরনের পাওয়া যাবে। তিনি আরও বলেন, সমাজকে মাদকমুক্ত করতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছে। চুয়াডাঙ্গা জেলা এখন অনেকটা মাদকমুক্ত হয়েছে। আমরা মাদক নিয়ন্ত্রণে কিট নিয়ে আসছি। প্রথমে পুলিশকে পরীক্ষা করা হবে। কোনো পুলিশ সদস্য মাদকাসক্তের তালিকায় আসলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। মাদক নিয়ন্ত্রণ করতে তিনি পুলিশের সহযোগিতা করার আহ্বান রেখে আরও বলেন, আপনাদের সহযোগিতা আমরা চুয়াডাঙ্গাকে মাদকমুক্ত করবো।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি মাহবুব রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাবিবুল্লা বাহার,আরও উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন ইউপি চেয়ারম্যান শাহ এনামুল করিম ইনু, কুড়ুলগাছি ইউনিয়ন যুবলীগের সভাপতি দেলোয়ার হোসেন (বিপু), ১নং ওয়ার্ড আজাহার, ৫ নং ওর্য়াড মেম্বার আলী আহাম্মদ, সাংবাদিক আলী আজগর সোনা,সাংবাদিক হাসমত,সাংবাদিক শিমুল রেজা,সাংবাদিক মেহেদী হাসান মিলন, সাংবাদিক আজিমদ্দীন,সাংবাদিক বিল্লাল, সাংবাদিক আমিনুল ইসলাম, দর্শনা থানার সকল পুলিশ সদস্যবৃন্দসহ কুড়ুলগাছি ইউনিয়ন সকল গ্রাম পুলিশ সদস্যবৃন্দসহ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ্ এনামুল করিম(ইনু) তিনি বলেন, স্বাধীনতা যুদ্ধসহ জাতির ক্রান্তিলগ্নে বাংলাদেশ পুলিশের গৌরবোজ্জ্বল ভূমিকা উল্লেখ করে তিনি আরও বলেন, আপনারা পেছনের দিকে নিশ্চয় তাকিয়ে দেখবেন। আজকের বাংলাদেশের উন্নয়নের পেছনে অনেক অবদান সকলের। কিন্তু একটি চক্র বোমা মেরে, মানুষ পুড়িয়ে আন্দোলনের নামে যে নৈরাজ্য সৃষ্টি করেছিলো তা কারো জন্য কাম্য নয়। আপনি যে দলেরই হোন না কেন এ ধরনের ন্যাক্কারজনক কাজ নিশ্চয়ই কেউ সমর্থন করবেন না। সেই অপরাধ কাজ থেকে সবাইকে বের হয়ে আসতে হবে। তবে মনে রাখতে হবে স্বাধনীতা বিরোধী শক্তি জামায়াত শিবির আলবদর তারা কিন্তু অপরাধমূলক কাজ থেকে বেরিয়ে
আসেনি। এ আগস্ট মাসকে কেন্দ্র করে বিভিন্ন হামলার পরিকল্পনা করা হয়। বিশেষ করে জঙ্গি কার্যক্রম। কিন্তু পুলিশের ভূমিকায় জঙ্গি দমন করতে সক্ষম হয়েছে আমরা। পুলিশের সক্ষমতাও বৃদ্ধি হয়েছে।

জঙ্গি সংগঠনগুলো যাতে আবারও এসব কাজ করে দেশকে পিছিয়ে নিতে না পারে সেদিকে সবাইকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

কোটচাঁদপুরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯০ তম জন্ম বার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৯০ তম জন্ম বাষির্কী পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে উপজেলা পরিষদের সহযোগীতায় ও উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের আয়োজনে আলোচনা সভা ও সেলাই মেশিন বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

শনিবার বেলা ১২ টার দিকে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন। অনুষ্টানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খাঁ◌ঁন চঞ্চল।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বিশেষ অতিথি হিসাবে ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইন্চার্জ মাহবুবুল আলম, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ শাহজাহান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ বিভিন্ন দপ্তরের প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দ।

আলোচনা সভা শেষে উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় থেকে নেওয়া প্রশিক্ষিত মহিলাদের মাঝে সেলাই মেশিন ও সার্টিফিকেট বিতরণ করা হয়। অন্যদিকে দিবসটি উপলক্ষে উপজেলা আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠন এর পক্ষ থেকে নানা কর্মসূচি গ্রহন করা হয়।